



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/০৮

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
১০ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৫০ তম কমিশন সভা অদ্য ১০/০৭/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. রানার অটোমোবাইলস্ লিমিটেড-কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ১০০ (একশত কোটি) টাকা মূলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ গবেষণা ও উন্নয়ন, যন্ত্রপাতি ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতিসহ) ৫৫.৭০ টাকা ও শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতি ব্যতীত) ৪১.৯৪ টাকা এবং কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ৩.৩১ টাকা। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে আই,ডি,এল,সি, ইনভেস্টমেন্টস্ লিমিটেড।
২. সভায় the Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর Section 2CC এর অধীনে জারিকৃত নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/114/Admin.28 dated October 02, 2011 সংশোধন করে “Sponsor/promoter group should maintain a minimum post-issue shareholding of thirty percent (30%) of the total paid-up capital of the company at least for three years from the date of according consent” এর স্থলে, “Sponsors/promoters and directors collectively should maintain a minimum post-issue shareholding of thirty percent (30%) of the total paid-up capital of the company at least for three years from the date of according consent” করার প্রস্তাব অনুমোদন করা হয়।
৩. দি সিটি ব্যাংক লিমিটেড এর ৭০০ কোটি টাকার Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully redeemable, Floating Rate, Unsecured, Unlisted subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে দি সিটি ব্যাংক লিমিটেড, Tier-II Capital Base এর শর্ত পূরণ করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১(এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড এ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে ই,বি,এল, ইনভেস্টমেন্ট লিঃ এবং সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিঃ কাজ করছে।


২০/০৭/২০১৮
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।